দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 7 1999

পৃষ্ঠা ২৫ কলাম ৩

198

# শুরুতেই বিপত্তি

বরিশাল অফিস ॥ বি,এম, কলেজে অনার্স ক্লাস শুরু হইয়াছে মঙ্গলবার হইতে। বেশ কিছুদিন পূর্বেই নূতন ক্লাস চালুর নোটিস দেওয়া হয়। সমাজকল্যাণ বিভাগের ছাত্র-ছাত্রীরা প্রথমদিনে ক্লাসে পৌঁছিয়া দেখে কোন শিক্ষক নাই। দীর্ঘক্ষণ অপেক্ষা করার পর শিক্ষকরুমে খোঁজ নিতে গিয়া তাহারা দেখে ঐ বিভাগের কোন শিক্ষক কলেজে আসেন নাই। একমাত্র পিওন উপস্থিত। গতকাল (বুধবার) দ্বিতীয় দিনে ছাত্র-ছাত্রীরা ক্লাসে যায়। গতকাল শিক্ষক দূরের কথা পিওনও ছিল না। শিক্ষকরুমে তালাবদ্ধ। শুরুতেই এই বিপত্তির কারণে ছাত্র-ছাত্রীরা মনক্ষুণ্ন হয়। খোঁজ লইয়া জানা গিয়াছে ঐ বিভাগের শিক্ষকেরা দল বাধিয়া যশোর বোর্ডে গিয়াছেন এইচএসসি পরীক্ষার উত্তরপত্র আনিতে।